

## রাজধানী

### ঢাকা বিশ্ববিদ্যালয়ের রোকেয়া হল অ্যালামনাইয়ের পুনর্মিলনী ৩১ মে

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ০৮ মে ২০২৫, ০২: ০৮



ঢাকা বিশ্ববিদ্যালয় ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় রোকেয়া হল অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ৭ম পুনর্মিলনী আগামী ৩১ মে অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য সদস্যরা বৃহস্পতিবার (৮ মে) থেকে রেজিস্ট্রেশন করতে পারবেন। আগামী ১৮ মে পর্যন্ত প্রতিদিন সকাল ১১টা থেকে বিকেল সাড়ে ৪টা পর্যন্ত রেজিস্ট্রেশন চলবে।

বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় রোকেয়া হল অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক মৌসুমী দাশ পুরকায়স্থ এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানিয়েছেন। বিজ্ঞপ্তিতে বলা হয়, রাজধানীর পূর্বাচল ৩০০ ফুট রোডে অবস্থিত সি শেল পার্ক অ্যান্ড রিসোর্টে পুনর্মিলনী অনুষ্ঠিত

হতে যাচ্ছে। অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য অ্যাসোসিয়েশনের সদস্যদের রোকেয়া হল অ্যালামনাই অফিস কক্ষে রেজিস্ট্রেশন করার আহ্বান জানানো হয়েছে বিজ্ঞপ্তিতে।

একই সঙ্গে বিস্তারিত তথ্যের জন্য সদস্যদের কয়েকটি নম্বরে যোগাযোগের আহ্বান জানানো হয়েছে। নম্বরগুলো হলো— ০১৭১৬৭১৪২০৮, ০১৭১১৩৫৩২১৬, ০১৮১৭০০০৪৪৮, ০১৭৬০৩২৫৪৬২।

